কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

ভোকেশনাল মোড়, কুড়িগ্রাম সদর
কুড়িগ্রাম-৫৬০০।

স্মারক নং-কুড়িকৃবি/রেজি.দপ্তর/প্রশাঃ/বিজ্ঞপ্তি-৫১/২০২৪/ ৪১০ তারিখ: ২০-০১-২০২৫

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অতীতে এবং সাম্প্রতিক সময়ে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন এলাকায় প্রতারক চক্রের অপতৎপরতা কথা শোনা যাচ্ছে। প্রতারক চক্র সাধারণ জনগণের মধ্যে চাকরি দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে বিভ্রান্তি ছড়াচ্ছে যার সাথে বিশ্ববিদ্যালয়ের কোন সম্পৃক্ততা নেই।

জনবল নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়োগ বিধিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে (www.kuriau.edu.bd) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। আরো উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয় সংক্রান্ত সকল তথ্যাদি প্রতিনিয়ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে হালনাগাদ করা হচ্ছে।

সার্বিক অবস্থায়, সংশ্লিষ্ট সকলকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত তথ্যের প্রতি দৃষ্টি রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিশেষভাবে আহ্বান জানানো যাচ্ছে এবং প্রতারক চক্রের মাধ্যমে নিয়োগ সংক্রান্ত যে কোন ধরনের প্ররোচনায় বা প্রতারণায় বিভ্রান্ত না হওয়ার জন্য আবারো সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের নির্দেশক্রমে

২০/০১/২০২৫

ডেপুটি রেজিস্ট্রার
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়
কুড়িগ্রাম-৫৬০০।